অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্তন ক্যান্সারের স্ক্রীনিং এবং সুবিধাবঞ্চিত জনগণের মাঝে উন্নত সাফল্য বাড়াতে প্রচেষ্টার কথা ঘোষণা করেছেন

জরিপ: বিমা বা নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানকারী ছাড়া মহিলারা নিয়মিত স্ক্রীনিংয়ে হালনাগাদ থাকার সম্ভাবনা কম

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ যারা সুবিধাবঞ্চিত জনগণ তাদের উপর দৃষ্টি পাত করে অগ্রাধিকার দিয়ে; ক্যান্সার সেবা কর্মসূচি অনুদানে 41 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে;

গভর্নর হোকল আজ স্তন ক্যান্সার সচেতনতা মাস সমাপনী হিসাবে, ক্যান্সার স্ক্রীনিং বাড়াতে এবং স্টেট জুড়ে সুবিধাবঞ্চিত জনগণের মাঝে ক্যান্সারের উন্নত ফলাফল দিতে চলমান প্রচেষ্টার ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ কর্তৃক এই মাসে প্রকাশিত একটি রিপোর্ট অনুসারে যদিও অনেক নিউ ইয়র্কবাসীকে নিয়মিতভাবে স্তন ক্যান্সারের জন্য পরীক্ষা করা হয়, তবে যাদের বিমা বা নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানকারী নেই তাদের নিয়মিত স্ক্রীনিংয়ে হালনাগাদ থাকার ব্যাপারে রিপোর্ট করার সম্ভাবনা কম।

গভর্নর হোকল বলেছেন, "এই রিপোর্টে ফলাফলগুলি স্পষ্ট এবং এর প্রতিক্রিয়ায় নিউ ইয়র্ক সুবিধাবঞ্চিত কমিউনিটির মহিলাদের কাছে আমাদের প্রচার প্রচেষ্টাকে দ্বিগুণ করছে এবং দ্রুত শনাক্তকরণের জন্য তাদের ক্যান্সার স্ক্রীনিং পরিষেবাগুলিতে ন্যায়সঙ্গত প্রবেশধিকার রয়েছে তা নিশ্চিত করছে। স্তন ক্যান্সার সচেতনতা মাস শেষ হিসাবে, এই ভয়ানক রোগ নির্ণয় এবং চিকিৎসা করতে সকল নিউ ইয়র্কবাসীকে সেবার স্তরে প্রবেশধিকার রয়েছে তা নিশ্চিত করার জন্য আমাদের অবশ্যই পদক্ষেপ নেওয়া চালিয়ে যেতে হবে।"

সুবিধাবঞ্চিত জনগণের কাছে আরো ভালোভাবে পৌঁছানোর প্রয়াসে, স্বাস্থ্য বিভাগ তাদের কমিউনিটির স্তন, সার্ভিকাল এবং কোলোরেক্টাল ক্যান্সারের স্ক্রীনিং প্রদানের জন্য সংস্থাগুলির অর্থনৈতিক জন্য আবেদন করছে যার পরিমাণ 41 মিলিয়ন মার্কিন ডলার। ক্যান্সার পরিষেবা প্রোগ্রাম অনুদান এই সংস্থাগুলির জন্য পাঁচ বছর ধরে বার্ষিক 210,000 থেকে 990,000 মার্কিন ডলারের মধ্যে প্রদান করবে৷ আবেদনের সময় ডিসেম্বর 20, 2022 পর্যন্ত।

স্বাস্থ্য সমতা সমধান করতে এবং স্ক্রীনিং হওয়ার কম সম্ভাবনাময় জনগণের মধ্যে ক্যান্সার স্ক্রীনিং হার বাড়াতে, তহবিল দেওয়ার সুযোগ যারা কৃষ্ণাঙ্গ, যারা LGBTQIA+ হিসাবে চিহ্নিত বা যারা গ্রামীণ এলাকায় বাস করে এমন ব্যক্তিদের কাছে পৌঁছানোর অগ্রাধিকার দেয়। এই তহবিলটি নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি কাউন্টি এবং বরোতে যাদের স্বাস্থ্য বিমার অভাব রয়েছে এমন ব্যক্তিদের সাহায্য করার উপর আলোকপাত করে ক্যান্সার স্ক্রীনিং, নির্ণয় ফলো-আপ এবং চিকিৎসার সুপারিশ পরিষেবা প্রদান করতে সাহায্য করবে।

স্বাস্থ্য বিভাগ দ্বারা পরিচালিত একটি জরিপে দেখা গেছে যে বিমা ছাড়াই প্রায় 66.3 শতাংশ মহিলা গত দুই বছরে ম্যামোগ্রামের মাধ্যমে স্ক্রীন করার অভিযোগ করেছেন, যেখানে 83.1 শতাংশের স্বাস্থ্য বিমা রয়েছে। একইভাবে, নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানকারী থাকা 83.5 শতাংশ মহিলার বিপরীতে নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানকারী ছাড়াই শুধুমাত্র 66.4 শতাংশ মহিলা নিয়মিত স্ক্রীনিং করেছেন।

স্তন ক্যান্সার শ্বেতাঙ্গ নয় এমন মহিলাদের (উইমেন অভ কালার) উপরও একটি অসামঞ্জস্যপূর্ণ টোল নেয়। নিউ ইয়র্কে ক্যান্সারের ঘটনা এবং মৃত্যুহারের তথ্য অনুসারে হিস্পানিক নয় এমন শ্বেতাঙ্গ মহিলাদের স্তন ক্যান্সারের হার সবচেয়ে বেশি হলেও হিস্পানিক নয় এমন কৃষ্ণাঙ্গ মহিলাদের মৃত্যুর হার সবচেয়ে বেশি।

শ্বেতাঙ্গ মহিলাদের মধ্যে স্তন ক্যান্সার নির্ণয়ের হার প্রতি বছরে প্রতি 100,000 মহিলাদের মধ্যে 140 জনের ক্ষেত্রে, যেখানে মৃত্যুর হার প্রতি 100,000 জনে 18.2। এদিকে, কৃষ্ণাঙ্গ মহিলাদের মধ্যে স্তন ক্যান্সার নির্ণয়ের হার প্রতি বছরে প্রতি 100,000 মহিলাদের মধ্যে 124 জনের ক্ষেত্রে, যেখানে মৃত্যুর হার প্রতি 100,000 জনে 22.2।

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডা. মেরি টি. বাসেট বলেছেন, "স্তন ক্যান্সারের স্ক্রীনিংগুলি এই ভয়ানক রোগের বিপক্ষে লড়াইয়ে প্রতিরক্ষার প্রথম সারিতে রয়ে গেছে এবং সকল মহিলা গুরুতর দ্রুত শনাক্তকরণ এবং হস্তক্ষেপের ব্যবস্থাগুলিতে সমান প্রবেশধিকার রাখে৷ স্বাস্থ্য বিমা বা নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে প্রবেশধিকারের অভাব কখনই মানসম্পন্ন সেবার জন্য বাধা হওয়া উচিত নয়। স্টেটের স্বাস্থ্য বিভাগ রোগ নির্ণয় এবং সেবায় ন্যায়সঙ্গত প্রবেশধিকার অগ্রগতির জন্য প্রতিশ্রুতিবদ্ধ, বিশেষ করে কৃষ্ণাঙ্গ মহিলাদের জন্য থাকা সাফল্যগুলিতে জাতিগত বৈষম্যগুলিকে সমাধান করে।"

স্তন ক্যান্সার হলো মহিলাদের মধ্যে ক্যান্সার-সম্পর্কিত মৃত্যুর দ্বিতীয় প্রধান কারণ, আনুমানিক আটজনের মধ্যে একজন তাদের জীবদ্দশায় এই রোগে আক্রান্ত হন। স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) কর্তৃক সংকলিত পরিসংখ্যানের তথ্য অনুযায়ী, নিউ ইয়র্কে প্রতি বছর 16,800 জনেরও বেশি মহিলার স্তন ক্যান্সার ধরা পড়ে এবং প্রায় 2,500 জন স্তন ক্যান্সারের কারণে মৃত্যুবরণ করেন; এছাড়াও প্রতি বছর প্রায় 160 জন পুরুষের এই রোগ ধরা পড়ে।

স্টেট স্বাস্থ্য বিভাগ ব্যুরো ক্যান্সার প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ডিরেক্টর ডা. হিদার ড্যাকাস বলেন, "নিউ ইয়র্ক স্টেটে স্তন ক্যান্সারের স্ক্রীনিংয়ের হার বৃদ্ধি স্তন ক্যান্সারের মৃত্যু কমাতে সাহায্য করবে এবং নিউ ইয়র্ক স্টেট প্রতিরোধ এজেন্ডা (New York State Prevention Agenda)

ও নিউ ইয়র্ক স্টেট সমন্বিত ক্যান্সার নিয়ন্ত্রণ পরিকল্পনায় (New York State Comprehensive Cancer Control Plan) প্রতিফলিত একটি মূল লক্ষ্য হিসাবে অব্যাহত থাকে। স্টেটের চারপাশের অংশীদারদের বয়স-উপযোগী, ঝুঁকি-ভিত্তিক স্তন ক্যান্সার স্ক্রীনিং প্রচার করার জন্য আহ্বান জানানো হয় এবং যাদের স্বাস্থ্য বিমা নেই তাদের ক্যান্সার পরিষেবা প্রোগ্রামে সুপারিশ করা হয়।"

স্ক্রীনিং বয়সের বেশিরভাগ মহিলাদের জন্য, নিয়মিত ম্যামোগ্রাম হলো স্তন ক্যান্সার দ্রুত খোঁজে পেতে সর্বোত্তম উপায় যখন এটি চিকিৎসা করা সহজ। নিয়মিত ম্যামোগ্রাম করা স্তন ক্যান্সারে মৃত্যুর ঝুঁকি কমাতে পারে।

বিনামূল্যে স্তন ক্যান্সার স্ক্রীনিং যোগ্য, বিমাকৃত নয় এমন এবং বিমাধীন নিউ ইয়র্কবাসীদের জন্য স্টেটের অর্থায়নে ক্যান্সার পরিষেবা প্রোগ্রামের মাধ্যমে উপলভ্য। আরো তথ্য পেতে বা কাছাকাছি কোনো প্রোগ্রামে সংযুক্ত হতে, অনুগ্রহ করে **1-866-442-CANCER** নম্বরে কল করুন।

নিউ ইয়র্ক স্টেট 2018-2023 নিউ ইয়র্ক স্টেট সমন্বিত ক্যান্সার নিয়ন্ত্রণ পরিকল্পনা; শক্তিশালী পরিমাপযোগ্য উদ্দেশ্য এবং নিউ ইয়র্ক স্টেটে ক্যান্সারের বোঝা কমানোর জন্য প্রস্তাবিত কৌশল একটি ক্যান্সার প্রতিরোধ ও নিয়ন্ত্রণ রোডম্যাপসহ ক্যান্সার প্রতিরোধে শীর্ষস্থানীয় হতে অব্যাহত আছে। নিউ ইয়র্ক স্টেট প্রতিরোধ এজেন্ডা 2019-2024 এর মাধ্যমেও পদক্ষেপ নিচ্ছে, সমস্ত নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং কল্যাণ উন্নত করার জন্য একটি ব্লুপ্রিন্ট প্রণয়ন করা হয়েছে, যেখানে ঐতিহাসিকভাবে বৈষম্য রয়েছে এমন জনগণের স্বাস্থ্যের সমতার উপর জোর দেওয়া হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418